

# AKUI KAMALABALA WOMEN'S COLLEGE

Estd.- 2016

(Affiliated to Bankura University)

Vill.+ P.O.- Akui, P.S.- Indas, Dist.- Bankura, Pin-722201

Website: akuiwomenscollege.org • E-mail: akw.college@gmail.com • Ph-9474918607




Ref. No. :

Date.

Title of Paper	Author Name	Name of Journal	ISSN No.	Year of Publication
Chand Mohommad Mondal: Nirjone ek Kobi Sadhak (Chand Mohammad Mandal: A poet-saint in seclusion)	Dr.Sk Nazrul Islam	Ebong Mohua	42327	2019

### Cover page of the Journal



*Nandini Maity*  
16-4-24

Co-ordinator  
I.Q.A.C.  
Akui Kamalabala Women's College  
Akui, Bankura, W.B.

*P. 16.04.2014*

Principal  
Akui Kamalabala Women's College  
Akui, Bankura

**চাঁদ মহম্মদ মন্ডল : নির্জানে এক কবি-সাধক**  
**ড. শেখ নজরুল ইসলাম**

বাংলা কবিতার সামগ্রিক পরিমণ্ডলে একান্ত নির্জানে যে-কজন কবিতা সাধনা করেছেন, কবি চাঁদ মহম্মদ মন্ডল তাঁদের মধ্যে অন্যতম একটি নাম। ১৯৪৯ খ্রিষ্টাব্দের ১৩ই নভেম্বর তিনি বাঁকুড়া জেলার সোনামুখি থানার অন্তর্গত পানেশোল গ্রামে জন্মগ্রহণ করেন। সত্তরের দশকে তাঁর সাহিত্যচর্চা শুরু হলেও কবিখ্যাতির বিচারে চাঁদ মহম্মদ মন্ডলকে আশির দশকের কবি বলাই সমীচীন। ইংরাজি সাহিত্যের ছাত্র চাঁদ মহম্মদ মন্ডল শুরু থেকেই তাঁর কবিতার মধ্যে পাশ্চাত্যের ভিত্তিভূমি তৈরির চেষ্টা করেছেন তাঁর অনুবাদ কবিতার মধ্য দিয়ে।

জীবনের চলমান ধারা থেকে যে ইচ্ছেগুলো বাঙময় রূপ নেয়, তারই ভাষ্য রচনা করে চলেছেন কবি চাঁদ মহম্মদ মন্ডল। এই ভাষ্যের নীরব সাক্ষ্য শুধু তিনি; এর অংশীদার হতে কারোকে কবি বাধ্য করেনি। তিনি শুধু বলে গেছেন; জীবনের ভাষ্য রচনা করে গেছেন। কবি বলেছেন— “কবিতা বুঝতে হলে তাই কবির জীবনকে ভালোভাবে উপলব্ধি করতে হয়। কবির জীবনটাও জীবন, সুখটা সুখ, কষ্টটা কষ্ট।” (আমার কথা; কবিতার শতদল)। কবির ব্যক্তিজীবনের জানালায় উঁকি দিলে দেখতে পাব, কবির কষ্ট কতখানি গভীর; ক্ষত কতখানি বেদনাময়। তাঁর পারিপার্শ্বিকতা, কর্মক্ষেত্র, অনুসৃত্য, সর্বোপরি সংসার-জীবনও কবিকে শুধু কষ্টই দিয়েছে। বেদনার বালুচরে কবি একা, নিঃসঙ্গ। কাঁধে হাতের শীতল স্পর্শ দিয়ে কেউ বলার নেই— ‘আমি তো আছি’

এই ‘না-আছি’র সংজ্ঞাতে কবিকে অস্তিত্ব রক্ষার জন্য নিরন্তর সংগ্রাম করতে হয়। তাঁর এই নীরব সংগ্রাম ব্যক্তিজীবনের সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে, তাঁর এই লড়াই তাঁর ভঙ্গদেহের রিক্ততার বিরুদ্ধে। হ্যাঁ, ভঙ্গদেহ। কবি চাঁদ মহম্মদ মন্ডল দীর্ঘ অসুস্থতার শিকার। ক্রমেই তাঁর শরীর সুগারের নাছোড় নিগড়ে জড়িয়ে পড়েছে। এখান থেকে বের হয়ে জীবনের মূল স্রোতে আসার কল্পনাও আর তিনি করতে পারেন না। কিন্তু তাঁর এই ভঙ্গদেহের রিক্ততা চেতন-অবচেতনভাবে তাঁর কবিতায় এসে পড়েছে। তিনি সচেতন ভাবেই উপলব্ধি করতে পারছেন—

“দুরন্তগতিতে ছোট্ট সময়ের কাঁটা

ততক্ষণে কালো চুল সাদা হয়ে গেল

ক্ষুদ্র এ পলতা শরীর পরিপুষ্ট নয়


ভঙ্গ পিঞ্জর”

(স্বদেশ ভাবনা : কবিতার শতদল)

কবি চাঁদ মহম্মদ মন্ডল তাঁর ‘ভঙ্গ পিঞ্জর’ নিয়ে নিভূতে বসে সময় অতিবাহিত করেন। তিনি বিশ্বাস করেন—

“শপথের দৃঢ় পরিক্রমণে বেঁচে থাকা সম্ভব

এবং মৃত্যু - মার্চ, ২০১৯ ।।। ৪০০

  
Co-ordinator  
I.Q.A.C.  
Akul Kamalabala Women's College  
Akul, Bankura, W.B.

  
Principal  
Akul Kamalabala Women's College  
Akul, Bankura